

## প্রা. শিক্ষক সমন্বয় পরিষদের সিদ্ধান্ত প্রাথমিক শিক্ষা ব্র্যাকের হাতে দেয়ার প্রতিবাদে কর্মসূচী ঘোষণা

### স্টাফ রিপোর্টার

প্রাথমিক শিক্ষার তদারকির দায়িত্ব বেসরকারী সংস্থা ব্র্যাকের অধীনে ন্যস্ত করার প্রতিবাদে, মানববহন ও প্রাথমিক অনশন কর্মসূচী পালনের ঘোষণা দিয়েছে জাতীয় প্রাথমিক শিক্ষক সমন্বয় পরিষদ। গতকাল (৩০ জুলাই) রাজধানীর ভোপখানাহাট সংগঠন কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কর্মসূচীর ঘোষণা দেয়া হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন পরিষদের আহ্বায়ক বিএম আব্দুল উল্লাহ। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে

### প্রাথমিক শিক্ষা ব্র্যাকের

#### প্রথম পৃষ্ঠার পর

প্রশ্নের জবাবে বলেন বাংলাদেশ গ্রাজুয়েট প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি আব্দুল খালেক, বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি ওজাহিদুল্লাহ মান্নান নিয়া, বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি ও পরিষদের সদস্য সচিব নূরুজ্জামান শামসুল আলম, বাংলাদেশ কমিউনিটি প্রাথমিক শিক্ষক সমিতির মহাসচিব মোঃ মাহবুবুল আলম প্রমুখ। সংবাদ সম্মেলনে ঘোষিত কর্মসূচীর মধ্যে রয়েছে ২৬ আগস্ট বিকাল ৩টা থেকে ৪টা পর্যন্ত হাইকোর্টের সামনে মানববহন, ১৬ অক্টোবর দুপুর ২টা থেকে বিকাল ৪টা পর্যন্ত কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে প্রাথমিক অনশন এবং ১৫ই দিন বিকাল ৫টা সংবাদ সম্মেলনের মাধ্যমে বৃহত্তর জেলাগুলোর কর্মসূচী ঘোষণা। সম্মেলনে শিক্ষক নেতৃবৃন্দ বলেন, ব্র্যাকের হাতে ৩০টি উপজেলার প্রাথমিক শিক্ষার তদারকির দায়িত্ব দিয়ে প্রাথমিক শিক্ষাকে ধ্বংস করা হচ্ছে। প্রাথমিক শিক্ষাকে রক্ষা করতে হলে সরকারের সিদ্ধান্ত পরিবর্তন করতে হবে।